

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭

বিষয়: স্পারসোতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ১৬ তম সভার কার্যবিবরণ।

সভাপতি: জনাব জিয়াউল হাসান এনডিসি  
চেয়ারম্যান, স্পারসো।

স্থান: বোর্ড সভাকক্ষ।

তারিখ ও সময়: ২৪ ডিসেম্বর ২০১৯, বেলা ১১.০০ টা।

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ:

- ১। জনাব মোহাম্মদ আজম, সদস্য ( গবেষণা), স্পারসো।
- ২। জনাব মোঃ জাফর উল্লাহ খান, সদস্য (প্রয়োগ), স্পারসো।
- ৩। ড. হাফিজুর রহমান, সদস্য ( প্রযুক্তি-১), স্পারসো।
- ৪। জনাব আ. জ. ম. জাহেদুল ইসলাম, সদস্য (প্রযুক্তি-২), স্পারসো।
- ৫। জনাব মোঃ ইমতিয়াজ হোসেন, সচিব, স্পারসো।
- ৬। ড. মোঃ আব্দুস ছালাম, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার এবং সদস্য-সচিব নৈতিকতা কমিটি, স্পারসো।
- ৭। জনাব কাজী শাহজাহান, চীফ এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (অ:দা:), স্পারসো।

সভাপতি নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি স্পারসোর ২০১৯-২০২০ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং ২য় কোয়ার্টারের (অক্টোবর -ডিসেম্বর ২০১৯) অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে স্পারসো কর্তৃক প্রণয়নকৃত ২০১৯-২০২০ অর্থ বছরে স্পারসো কর্তৃক প্রণয়নকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের (অক্টোবর -ডিসেম্বর ২০১৯) প্রতিবেদন পর্যালোচনাপূর্বক নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে ১৫ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন।


আলোচ্যসূচি ১: স্পারসোর ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের (অক্টোবর -ডিসেম্বর ২০১৯) প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।

সদস্য-সচিব স্পারসোর ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের (অক্টোবর -ডিসেম্বর ২০১৯) প্রতিবেদন সভায় উপস্থাপন করলে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সার্বিক বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয় এবং এর ধারাবাহিকতায় প্রস্তাবিত কার্যক্রমের কাজগুলো যথাসময়ে আবশ্যিকভাবে সম্পন্ন করার বিষয়ে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হয়। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ও অন্যান্য বিষয় স্পারসোর ওয়েবসাইটে আপলোডের নিমিত্ত ওয়েবসাইট এডমিন ও বিকল্প-ওয়েবসাইট এডমিন হিসেবে ডেজিগনেটেড কর্মকর্তা থাকা আবশ্যিক বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত ১ (ক): স্পারসোর ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের (অক্টোবর -ডিসেম্বর ২০১৯) অগ্রগতি প্রতিবেদন ১৫ জানুয়ারি, ২০২০ মধ্যেই প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ফোকাল পয়েন্টের সহযোগিতায় স্পারসোর প্রশাসন শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

সিদ্ধান্ত ১ (খ): জনাব মোঃ জাফর উল্লাহ খান, সদস্য (প্রয়োগ), স্পারসো-কে 'ওয়েবসাইট এডমিন' এবং জনাব জগবন্ধু সোম, সহকারী প্রকৌশলী, স্পারসো-কে 'বিকল্প-ওয়েবসাইট এডমিন'এর দায়িত্ব দেয়া হয়। স্পারসোর প্রশাসন শাখা এ বিষয়ে প্রয়োজনীয় অফিস আদেশ জারির দ্রুত ব্যবস্থা নিবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(জিয়াউল হাসান এনডিসি)

চেয়ারম্যান  
ও সভাপতি নৈতিকতা কমিটি  
স্পারসো।

নম্বর: ২৩.০৪.০০০০.০০৮.৯৯.০০৫.১৭.২২

তারিখ: ২/১/২০২০ খ্রি:

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ১। জনাব মোহাম্মদ আজম, সদস্য (গবেষণা), স্পারসো।
- ২। জনাব মোঃ জাফর উল্লাহ খান, সদস্য (প্রয়োগ), স্পারসো।
- ৩। ড. হাফিজুর রহমান, সদস্য (প্রযুক্তি ১), স্পারসো।
- ৪। জনাব আ. জ. ম. জাহেদুল ইসলাম, সদস্য (প্রযুক্তি ২), স্পারসো।
- ৫। ড. মোঃ আব্দুস ছালাম, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার এবং সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, স্পারসো।
- ৬। জনাব কাজী শাহজাহান, চীফ এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (অ:দা:), স্পারসো।
- ৭। পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), স্পারসো।

  
২/১/২০২০

(মোঃ ইমতিয়াজ হোসেন)  
সচিব (উপসচিব)  
স্পারসো।  
ফোন: ৯১৪১৬০১